

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৩৪

৮. পবিত্রতা অর্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ওযূর ব্যাপারে যত্নবান, তার জন্য ঈমান সাব্যস্ত করা

ذِكْرُ إِثْبَاتِ الْإِيمَانِ لِلْمُحَافِظِ عَلَى الْوُضُوءِ

আরবী

1034 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا سُرَيْجُ بْنُ يُونُسَ وَأَبُو خَيْثَمَةَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ حَدَّثَنَا ابْنُ ثَوْبَانَ حَدَّثَنَا ابْنُ ثَوْبَانَ حَدَّثَنَا ابْنُ ثَوْبَانَ حَدَّثَنَا ابْنُ ثَوْبَانَ حَدَّثَنَا ابْنُ عَطِيَّةَ أَنَّ أَبَا كَبْشَةَ السَّلُولِيَّ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ ثَوْبَانَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (سَدِّدُوا وَقَارِبُوا وَاعْلَمُوا أَنَّ خَيْرَ أَعْمَالِكُمُ الصَّلَاةُ ولا يحافظ على الوضوء إلا مؤمن)

الراوي: ثَوْبَان | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1034 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

১০৩৪. সাওবান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা সঠিকভাবে আমল করো এবং সঠিকতার কাছাকাছি থাকো। জেনে রাখো, তোমাদের শ্রেষ্ঠ আমল হলো সালাত। জেনে রাখো, কেবল মু'মিন ব্যক্তিই ওয়ুর ব্যাপারে যতুবান থাকে।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "এই শব্দ সেসব শব্দের অন্তর্ভুক্ত যা আমরা আমাদের কিতাবে উল্লেখ করেছি যে, আরবরা অনেক সময় পুরো বিশেষ্যকে কোন জিনিসের অংশবিশেষ অর্থে ব্যবহার করে; পুরো বিশেষ্যের নামকে অংশবিশেষের উপর ব্যবহার করে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "কেবল মু'মিন ব্যক্তিই ওয়ুর ব্যাপারে যত্নবান থাকে" এখানে ঈমান নামকে ওয়ুর ব্যাপারে যত্নবান ব্যক্তির ব্যাপারে ব্যবহার করা হয়েছে। ওয়ু ঈমানের অংশ সমূহের মাঝে একটি অংশ, অনুরুপভাবে ঈমান নামটি এককভাবে ওয়ু সম্পাদনকারীর ব্যাপারে ব্যবহার করা হয়। কেননা ওয়ু ঈমানের একটি অংশ, যা আমরা বর্ণনা করলাম। আর সাওবান থেকে সালিম বিন আবিল জা'দ এর হাদীসটি মুনকাতি', এজন্য আমরা এর থেকে মুখ ফিরিয়ে নিয়েছি।"



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৮২; দারেমী: ১/১৬৮; তাবারানী আল কাবীর: ১৪৪৪; আত তায়ালিসী: ৯৯৬; দারেমী: ১/১৬৮; তাবারানী আস সাগীর: ২/৮৮; ইবনু মাজাহ: ২৭৭; হাকিম: ১/১৩০; সুনান বাইহাকী: ১/৪৫৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১১৫।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন